নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নগর ভবন,১০ বঙ্গবন্ধু রোড,
নারায়ণগঞ্জ ।
www.ncc.gov.bd

" শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং ৪৬.১৬.০০০০.০৩.০৪.১৯২.২৩. তারিখ: /১১/২০২৩ খ্রি:

## সভার নোটিশ

বিষয় : আইন শৃঙখলা সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় যোগদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ২২/১১/২৩খ্রি; তারিখ রোজ বুধবার বেলা ৩.০০ ঘটিকায় আইন শৃঙখলা সংক্রান্ত স্থায়ী কমিটির এক সভা নগর ভবনের ৫ম তলায় প্রধান নির্বাহী কর্মকর্তার সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভা যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচী :
১। বিগত সভার কাযবিবরনী পাঠ ও অনুমোদন সম্পর্কে আলোচনা।
২। আইন শৃঙখলা বিষয়ে আলোচনা।
৩। বিবিধ।

স্বা:
মোখলেছুর রহমান চৌধুরী
সভাপতি
আইন শৃঙখলা সংক্রান্ত স্থায়ী কমিটি
ও কাউন্সিলর -১৯নং ওয়ার্ড
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

প্রাপক :
--------------------------------------------------------------------
-----------------------------------------------------------------
সদস্য আইন শৃঙখলা সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

স্মারক নং ৪৬.১৬.০০০০.০৩.০৪.১৯২.২৩. তারিখ: /১১/২০২৩ খ্রি:

অনুলিপি অবগতির জন্য :

১। প্রধান নির্বাহী কর্মকর্তা,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২। প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা ,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩। পি.এস টু মেয়র(পরিচ্ছন্ন কর্মকর্তা,,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।(মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য )

মোখলেছুর রহমান চৌধুরী
সভাপতি
আইন শৃঙখলা সংক্রান্ত স্থায়ী কমিটি
ও কাউন্সিলর -১৯নং ওয়ার্ড
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ।
www.ncc.gov.bd

## আইন শৃঙ্খলনা সংক্রান্ত স্থায়ী কমিটির ১৩তম সভার কার্যবিবরনী ঃ

সভপতি ঃ জনাব মোখলেছুর রহমান
সভাপতি
আইন শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি
ও কাউন্সিলর, ১৯নং ওয়ার্ড
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

সভার তারিখ ঃ ২২ নভেম্বর, ২০২৩খ্রিঃ
সময় ঃ বিকাল ৩.৩০ ঘটিকা।
সভার স্থান ঃ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সভাকক্ষ।

উপস্থিত সম্মানিত সদস্যগণের নামের তালিকা ঃ

১। ডা.সেলিনা হায়াৎ আইভী, মেয়র মহোদয়,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২। জনাব মো: আব্দুল করিম,কাউন্সিলর, ১৭নং ওয়ার্ড নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩। জনাব মো: সিরাজুল ইসলাম, কাউন্সিলর, ২৭নং ওয়ার্ড, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৪। জনাব মো; রুহুল আমিন মোল্লা কাউন্সিল,০৮নং ওয়ার্ড, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৫। জনাব মিজানুর রহমান,আইন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং বিস্তারিত আলোচনার জন্য উন্মুক্ত করে দেন।

আলোচ্যসূচী ১। ঃ জনাব মোঃ মিজানুর রহমান,আইন কর্মকর্তা,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন বিগত সভার কার্যবিবরনী পাঠ করে শোনান ।

সিদ্ধান্ত : উক্ত কার্যবিবরনীতে কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মত গৃহীত ও অনুমোদিত হয়।

আলোচ্যসূচী ২ ঃ আলোচনায় অংশগ্রহণ করে জনাব মো: রুহুল আমিন মোল্লা, কাউন্সিলর, ৮নং ওয়ার্ড নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন জানান যে, ২নং রেলগেইট এলাকাটি অতিগুরুত্বপূর্ণ জনবহুল এলাকা উক্ত গেইটে ত্রিমুখী রাস্তা হওয়ার কারণে যানবাহন চলাচলে শহরের অন্য যে কোন স্থান থেকে যানজট প্রবণ এলাকা। অধিকন্তু বিভিন্ন কোম্পানীর বাস সমূহ এখানে নির্দিষ্ট বাসস্ট্যান্ড ব্যতিত যত্রতত্র যাত্রী উঠানোর কারণে জনগণের চলচলসহ যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত : সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন কর্মীসহ ট্রাফিক বিভাগে নিয়োজিত আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে নিয়োগ করার জন্য পুলিশ সুপার,নারায়ণগঞ্জ কে পত্র দেয়ার জন্য সুপারিশ করা হয়।

আলোচ্যসূচী ৩। আলোচানায় অংশগ্রহণ করে জনাব আব্দুল করিম,কাউন্সিল ১৭নং ওয়ার্ড জানান যে, শহরের প্রধান সড়কে হকার বসার কারণে জনগণের চলাচল বিঘ্নসহ যানবাহন চলাচলে বাঁধাগ্রস্থ হয়। শহরের মেইন রোডস্থ বঙ্গবন্ধু সড়কের পাশের ফুটপাত অবৈধ ভাবে বসা হকারগণকে অপসারণ করা আবশ্যক। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় ।

সিদ্বান্ত ঃ ফুটপাত হকার মুক্ত করার লক্ষে পুলিশ সুপার নারায়ণগঞ্জকে পত্র দেয়ার জন্য সর্ব সম্মত ভাবে সুপারিশ করা হয়।

আলোচ্যসূচী ৪ : আলোচনায় অংশগ্রহণ করে জনাব মোঃ সিরাজুর ইসলাম ,কাউন্সিলর ২৭ নং ওয়ার্ড জানায় যে, নারায়ণগঞ্জ শহরের অতি গুরুত্বপূর্ন এলাকা হল চাষাড়া মোড়। এখানে বিভিন্ন কোম্পানির বাস সহ রিক্সা ও সি.এন.জি অবৈধ ভাবে পার্কিং করার কারণে প্রায় সময় যানজট লেগে থাকে । উক্ত মোড়টি যানজট মুক্ত করার জন্য অবৈধ পার্কিং অপসারণ করা আবশ্যক ।এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।



CamScanner

সিদ্ধান্ত : এ বিষয়ে আইন শৃঙ্খলা রক্ষা কারী বাহিনী তথা ট্রাফিক নিয়োগ করার জন্য পুলিশ সুপারকে পত্র দেয়ার জন্য সম্মতভাবে সুপারিশ করা হল।

আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোকিলেছুর রহমান চৌধুরী)
সভাপতি
আইন শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি
ও কাউন্সিলর, ১৯নং ওয়ার্ড
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

স্মারক নং .৪৬.১৬.০০০০.০৩.০৪.১৯২.২৩, তারিখ : ২৯/১১/২০২৩খ্রিঃ

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরন করা হল :

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২। নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩। জনাব --------------------------------
৪। প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

D:দক্ষতা বৃদ্ধি ও কর্মশালা.docx

CamScanner

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নগর ভবন,১০ বঙ্গবন্ধু রোড,
নারায়ণগঞ্জ।
www.ncc.gov.bd

" শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

অদ্য ২২/১১/২০২৩ খ্রি: তারিখ রোজ বুধবার বিকাল ৩.০০০ ঘটিকায় আইন শৃঙখলা সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের স্বাক্ষর :

| ক্রমিক নং | সম্মানিত সদস্যগনের নাম | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব মোখলেছুর রহমান চৌধুরী<br>সভাপতি<br>আইন শৃঙখলা সংক্রান্ত স্থায়ী কমিটি<br>ও কাউন্সিলর -১৯নং ওয়ার্ড<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | 22.11.23. | |
| ০২ | জনাব মো: আব্দুল করিম<br>সম্মানিত সদস্য<br>আইন শৃঙখলা সংক্রান্ত স্থায়ী কমিটি<br>ও কাউন্সিলর-১৭ নং ওয়ার্ড<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | 22.11.23 | |
| ০৩ | জনাব মো: সিরাজুল ইসলাম<br>সম্মানিত সদস্য<br>আইন শৃঙখলা সংক্রান্ত স্থায়ী কমিটি<br>ও কাউন্সিলর-২৭ নং ওয়ার্ড<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | 22-11-23 | |
| ০৪ | জনাব মো: রুহুল আমিন মোল্লা<br>সম্মানিত সদস্য<br>আইন শৃঙখলা সংক্রান্ত স্থায়ী কমিটি<br>ও কাউন্সিলর-০৮ নং ওয়ার্ড<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | 22.11.23 | |
| ০৫ | মাননীয় মেয়র মহোদয়<br>সদস্য<br>আইন শৃঙখলা সংক্রান্ত স্থায়ী কমিটি | | |
| ০৬ | জনাব মো: মিজানুর রহমান<br>সদস্য সচিব<br>আইন শৃঙখলা সংক্রান্ত স্থায়ী কমিটি<br>আইন কর্মকর্তা<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | ২২.১১.২৩ | |

CamScanner